ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৬৩৫

শান্তিরবাজার, ৯ মে, ২০২৫

## দশদিনব্যাপী ঐতিহ্যবাহী বৈশাখী মেলার উদ্বোধন

সাব্রুম মেলারমাঠে গতকাল থেকে শুরু হয়েছে দশদিনব্যাপী ঐতিহ্যবাহী বৈশাখী মেলা। মেলার উদ্বোধন করে সাংসদ কৃতি সিং দেবী দেববর্মা বলেন, দেশের বর্তমান পরিস্থিতিতে আমাদের সকলকেই ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসতে হবে। অনুষ্ঠানে সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, প্রধানমন্ত্রীর মার্গদর্শনে রাজ্য সরকার বিকশিত ত্রিপুরা গড়ে তোলার লক্ষ্যে কাজ করছে। উন্নয়নমূলক কাজের পাশাপাশি মেলা ও উৎসবেরও আয়োজন করা হচ্ছে। এইসব মেলা ও উৎসবের মাধ্যমে জাতি, জনজাতির মধ্যে ঐক্যবোধ গড়ে উঠছে। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন বিধায়ক মাইলাফ্রু মগ, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, এমডিসি দেবজিৎ ত্রিপুরা, সাতচাঁদ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রভাষ লোধ, সাব্রুম নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রমা পোদ্দার দে, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক মহম্মদ সাজ্জাদ পি, মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত, বিশিষ্ট সমাজসেবী গৌতম ত্রিপুরা, দ্বীপায়ন চৌধুরী প্রমুখ। মেলা উপলক্ষে বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে প্রদর্শনী স্টল খোলা হয়। অনুষ্ঠান শেষে অতিথিগণ প্রদর্শনী স্টলগুলি পরিদর্শন করেন। দশদিনব্যাপী মেলায় প্রতিদিন সন্ধ্যায় তথ্য ও সংস্কৃতি দপ্তরের পক্ষ থেকে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে।

*******